

পোস্টমাস্টার

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি ✓ দ্বারা চিহ্নিত করো।

১। পোস্টমাস্টার গল্পটি কবে প্রকাশিত হয়?

(ক) ১২৯৮ বঙ্গাব্দে

(খ) ১২২৮ বঙ্গাব্দে

(গ) ১২৭৮ বঙ্গাব্দে

(ঘ) ১২৬৮ বঙ্গাব্দে

উত্তর: (ক) ১২৯৮ বঙ্গাব্দে।

২। গল্পে উল্লেখিত গ্রামটির নাম কী?

(ক) উল্লাসনগর

(খ) উল্লাসপুর

(গ) উলাপুর

(ঘ) উলানপুর

উত্তর: (গ) উলাপুর।

৩। এই গ্রামের কাছে কাদের বাস ছিল?

(ক) ফরাসী বণিকদের

(খ) নীলকুঠীর সাহেবদের

(গ) পর্তুগীজ বণিকদের

(ঘ) পাঠান বণিকদের

উত্তর: (খ) নীলকুঠীর সাহেবদের।

৪। “পোস্টঅফিসের কাজ শুরু হলে পোস্টমাস্টার হয়ে _____ এলেন।” – শূন্যস্থান পূরণ করো।

(ক) কলকাতাবাসী এক যুবক

(খ) বাংলাদেশী লোক

(গ) অবাঙ্গালী যুবক

(ঘ) পল্লীবাংলার এক ভদ্রলোক

উত্তর: (ক) কলকাতাবাসী এক যুবক।

৫। পোস্টমাস্টারের নিঃসঙ্গ জীবন কিভাবে কাটে?

(ক) গান শুনে

(খ) কবিতা লিখে

(গ) কবিতা পড়ে

(ঘ) গান রচনা করে

উত্তর: (খ) কবিতা লিখে।

৬। পোস্টমাস্টারের দেখাশোনার জন্য কে নিযুক্ত হলো?

(ক) রতন নামের বালক

(খ) অনাথ নামের বৃদ্ধ

(গ) অনাথিনী বালিকা রতন

(ঘ) রতন নামের বৃদ্ধা

উত্তরঃ (গ) অনাথিনী বালিকা রতন।

৭। রতনের বয়স কত?

(ক) আট-দশ বছর

(খ) বারো-তেরো বছর

(গ) চল্লিশ-পঞ্চাশ বছর

(ঘ) পঞ্চাশের ঊর্ধ্ব

উত্তরঃ (খ) বারো-তেরো বছর।

৮। পোস্টমাস্টারের বেতন কত ছিল?

(ক) অতি সামান্য

(খ) যথেষ্ট বেশী

(গ) মোটামুটি

(ঘ) বেতনহীন

উত্তরঃ (ক) অতি সামান্য।

৯। চারিদিকে অন্ধকার নেমে এলে কী ডাকতে শুরু করে?

(ক) ব্যাঙ

(খ) পেঁচা

(গ) ঝিঝি পোকা

(ঘ) রাত পাখি

উত্তরঃ (গ) ঝিঝি পোকা।

১০। পোস্টমাস্টার রতনকে হেঁসেলের কাজ ফেলে কী সেজে আনতে বলতো?

(ক) লণ্ঠন

(খ) তামাক

(গ) হ্যারিকেন

(ঘ) পান

উত্তরঃ (খ) তামাক।

১১। পোস্টমাস্টার ভয় ও নিঃসঙ্গতা কাটাতে কী করেন?

(ক) গান করেন

(খ) কবিতা শোনান

(গ) রতনের সঙ্গে গল্প করেন

(ঘ) কবিতা লেখেন

উত্তরঃ (গ) রতনের সঙ্গে গল্প করেন।

১২। রতনের সবচেয়ে বেশি মনে পড়ে কাকে?

(ক) বাবাকে

(খ) মাকে

(গ) ছোটোভাইকে

(ঘ) ছোটোবোনকে

উত্তরঃ (গ) ছোটোভাইকে।

১৩। পোস্টমাস্টার রতনকে কাদের কথা শোনাতো?

(ক) ভাই-মা-দিদির কথা

(খ) পরিবারের কথা

(গ) বন্ধুদের কথা

(ঘ) মা- বাবার কথা

উত্তর: (ক) ভাই-মা-দিদির কথা।

১৪। পোস্টমাস্টার রতনকে কী শেখাতে শুরু করে?

(ক) লেখাপড়া

(খ) গান

(গ) ছবি আঁকা

(ঘ) কবিতা লেখা

উত্তর: (ক) লেখাপড়া।

১৫। পোস্টমাস্টারের প্রচণ্ড জ্বর হলে রতন কী করে?

(ক) স্নেহময়ী জননীর স্থান অধিকার করে

(খ) স্নেহশীলা দিদির ভূমিকা পালন করে

(গ) মেয়ের মতো সেবা করে

(ঘ) ডাক্তারের কাছে নিয়ে যায়

উত্তর: (ক) স্নেহময়ী জননীর স্থান অধিকার করে।

১৬। কার সেবায় পোস্টমাস্টার আরোগ্য লাভ করলো?

(ক) নার্সের

(খ) রতনের

(গ) ডাক্তারের

(ঘ) মা-বাবার

উত্তর: (খ) রতনের।

১৭। রোগশয্যা ত্যাগ করেই কলকাতার উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পোস্টমাস্টার কী করলো ?

(ক) পদোন্নতির আবেদন করলো

(খ) বদলির আবেদন করলো

(গ) ইস্তফাপত্র পাঠালো

(ঘ) ছুটির আবেদন করলো

উত্তর: (খ) বদলির আবেদন করলো।

১৮। পোস্টমাস্টার কী ঠিক করেন?

(ক) ব্যবসা করবেন

(খ) চাকরিতে ইস্তফা দেবেন

(গ) গ্রামেই থেকে যাবেন

(ঘ) ঘুরতে বেরোবেন

উত্তর: (খ) চাকরিতে ইস্তফা দেবেন।

১৯। পোস্টমাস্টার কি রতনকে সঙ্গে নেবেন?

(ক) না নেবেন না

(খ) হ্যাঁ নেবেন

(গ) ভেবে দেখবেন

(ঘ) নেবেন না, বকবেন

উত্তরঃ (ক) না নেবেন না।

২০। পোস্টমাস্টারের দেওয়া টাকা কে গ্রহণ করলো না ?

(ক) ডাক্তার

(খ) অভিমাত্রী রতন

(গ) অফিসের ক্লার্ক

(ঘ) রতনের পরিবার

উত্তরঃ (খ) অভিমাত্রী রতন।

২১। সামান্য গ্রাম্য বালিকার করুণ মুখচ্ছবি কার মনে ভেসে উঠছিলো?

(ক) ডাক্তারের

(খ) স্টেশন মাস্টারের

(গ) পোস্টমাস্টারের

(ঘ) গ্রামবাসীর

উত্তরঃ (গ) পোস্টমাস্টারের।

২২। নৌকা দ্রুতগতিতে কোন অভিমুখে চলছে?

(ক) কলকাতার

(খ) গ্রামের

(গ) স্টেশনের

(ঘ) হাসপাতালের

উত্তরঃ (ক) কলকাতার।

২৩। কে বালিকা থেকে হঠাৎ নারীতে রূপান্তরিত হয়?

(ক) মালতী

(খ) রতন

(গ) ফতিমা

(ঘ) বলাই

উত্তরঃ (খ) রতন।

২৪। “পৃথিবীতে কে কাহার।” - এই দার্শনিক তত্ত্বের উদয় হয়েছিল কার মনে?

(ক) বিদায়ী পোস্টমাস্টারের

(খ) রতনের

(গ) লেখকের

(ঘ) স্টেশন মাস্টারের

উত্তরঃ (ক) বিদায়ী পোস্টমাস্টারের।

২৫। “সেই মুহূর্তে সে জননীর পদ অধিকার করিয়া বসিল।” - কার কথা বলা হয়েছে?

(ক) পিতৃ-মাতৃহীন অনাথা বালিকা রতনের কথা

(খ) নার্সের কথা

(গ) গ্রামের সেবিকার কথা

(ঘ) রতনের মায়ের কথা

উত্তরঃ (ক) পিতৃ-মাতৃহীন অনাথা বালিকা রতনের কথা।

২৬। “হায় বুদ্ধিহীন মানব হৃদয়।” - কে একথা বলেছেন?

(ক) পোস্টমাস্টার

(খ) লেখক রবীন্দ্রনাথ স্বয়ং

(গ) রতন

(ঘ) নৌকার মাঝি

উত্তর: (খ) লেখক রবীন্দ্রনাথ স্বয়ং।

২৭। “তোমার দুটি পায়ে পড়ি, আমার জন্য কাউকে কিছু ভাবতে হবে না।” – কে একথা বলেছেন?

(ক) অফিসের পিওন

(খ) অসহায়া অনাথিনী বালিকা রতন

(গ) গ্রামের পাগল মেয়ে

(ঘ) অসহায় বালক রতন

উত্তর: (খ) অসহায়া অনাথিনী বালিকা রতন।

২৮। “তপ্ত ললাটের উপর শাঁখা পরা কোমল হস্তের স্পর্শ মনে পড়ে।” - কার মনে পড়ে?

(ক) রতনের

(খ) জ্বরে আক্রান্ত পোস্টমাস্টারের

(গ) ডাক্তারের

(ঘ) স্টেশন মাস্টারের

উত্তর: (খ) জ্বরে আক্রান্ত পোস্টমাস্টারের।

২৯। “ফিরিয়া যাই, জগতের ক্রোড় বিচ্যুত সেই অনাথিনীকে সঙ্গে লইয়া আসি।” - অনাথিনীটি কে?

(ক) শান্ত কোমল বালিকা

(খ) কোমল হৃদয়ের শ্যামা

(গ) পিতৃ-মাতৃহীন বালিকা রতন

(ঘ) কোমল হৃদয়ের গ্রাম্য বালিকা মোহিনী

উত্তর: (গ) পিতৃ-মাতৃহীন বালিকা রতন।

৩০। “অনেকক্ষণ আর কেহ কোনো কথা কহিল না।” - কাদের কথা বলা হয়েছে?

(ক) লেখক আর শ্যামার কথা

(খ) পোস্টমাস্টার আর রতনের কথা

(গ) কবি আর পোস্টমাস্টারের কথা

(ঘ) পোস্টমাস্টার আর নৌকার মাঝির কথা

উত্তর: (খ) পোস্টমাস্টার আর রতনের কথা।